

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পুনরায় বন্ধ ঘোষণা

(চট্টগ্রাম অফিস)
দীর্ঘ ৪ মাস পর চট্টগ্রাম বিশ্ব-
বিদ্যালয়ের ক্লাস শুরু করার মাত্র
কয়েকঘন্টা পূর্বে গোলযোগের
আশংকায় পুনরায় ১০ দিনের
জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা
করা হইয়াছে। গতকাল (মঙ্গল-
বার) যথারীতি নিরাপত্তা ব্যবস্থার
মধ্যে বিশ্ববিদ্যালয়ের হলসমূহ
খোলা হয়। বেশকিছু ছাত্র-ছাত্রী

হলে ফিরিয়াও আসে। পুনঃ বন্ধের
(১০ম পৃ: ৭-এর ক: দ্র:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
(১ম পৃ: পর)
সর্বশেষ ঘোষণায় 'হলে' ফিরিয়া
আসা ছাত্র-ছাত্রীদের আজ (বুধবার)
সকাল ১০টার মধ্যে পুনরায় হল
ত্যাগ করার নির্দেশ দেয়া হইয়াছে।
গত রাতে বিশ্ববিদ্যালয়ের এক
প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়। বিশ্ব-
বিদ্যালয় কর্তৃপক্ষ এবং স্থানীয়
প্রশাসন কর্তৃক প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণ করিয়া গতকাল
(মঙ্গলবার) সকাল ১০ টায়
হলসমূহ ছাত্র-ছাত্রীদের জন্য
খুলিয়া দেয়া হয় এবং তাহারা
শান্তিপূর্ণভাবে হলে ফিরিতে শুরু
করে। আজ ক্লাসসমূহ শুরুর
সকল প্রস্তুতিও সম্পন্ন করা হয়।
এই পরিস্থিতিতে গতকাল আনু-
মানিক বেলা ১ টার সময় শিক্ষা
মন্ত্রণালয় হইতে ভিসি টেলিফোন
পান যে, আজ ক্লাস খোলা হইলে
গওগোলের আশঙ্কা আছে এবং
ইহার পরিস্থিতিতে পরিস্থিতি
পর্যালোচনার জন্য পরামর্শ দেওয়া
হয়। এমতাবস্থায় গতকাল বিকাল
সাড়ে ৫টায় সিঙিকিটের এক জরুরী
সভায় ৪ঠা মে শনিবার বিশ্ববিদ্যা-
লয়ের হল ও ক্লাসসমূহ খোলার
সিদ্ধান্ত এবং আজ সকাল ১০টার
মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের
নির্দেশ দেওয়া হয়। সভায় ছাত্র-
ছাত্রীর হল ত্যাগ নিশ্চিত করার
জন্য জেলা ও পুলিশ প্রশাসনকে
অনুরোধ করা হয়।

13

৩৬